

স্মারক নং-৫২.০১.১৩৫৮.০০০.৪৫.০১১.১৯-০২

তারিখ: ২৪ পৌষ-১৪২৬ বাংলা  
০৮ জানুয়ারী-২০২০ইং


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন ‘জনশুমারি ও গৃহগণনা ২০২১’ প্রকল্পে লিস্টিং অপারেশন এবং মূলশুমারির গণনা কার্যক্রমে ‘তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার’ পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র কচুয়া উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র:নং | পদের নাম                                  | প্রাপ্য ভাতাদি (টাকা)   | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা   |
|--------|---|---|---|
| ০১)    | সুপারভাইজার<br>পদ সংখ্যাঃ প্যানেল         | প্রকল্পের নিয়ম অনুযায়ী ভাতাদী প্রাপ্য হবেন।<br>মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করা হবে। | ১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে। তবে স্নাতক উত্তীর্ণগণ অন্যান্য যোগ্যতা পূরনসাপেক্ষে অগ্রাধিকার পাবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫) ইংরেজিতে হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে এবং Intelligent Character Recognition(ICR) ফরমের সাথে সংগতিপূর্ণ হতে হবে।<br>৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২)    | তালিকাকারী/গণনাকারী<br>পদ সংখ্যাঃ প্যানেল | প্রকল্পের নিয়ম অনুযায়ী ভাতাদী প্রাপ্য হবেন।<br>মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করা হবে। | ১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫) ইংরেজিতে হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে এবং Intelligent Character Recognition(ICR) ফরমের সাথে সংগতিপূর্ণ হতে হবে।<br>৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।   |

শর্তাবলী:

- ১) উপজেলা পরিসংখ্যান কার্যালয় / ইউনিয়ন পরিষদ / পৌরসভা কার্যালয় হতে আবেদন ফরম সংগ্রহপূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম উপজেলা পরিসংখ্যান অফিস, কচুয়া, চাঁদপুর এর ফেসবুক ফেইজ থেকে ও সংগ্রহ করা যাবে।
- ২) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- ৩) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- ৪) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে ৫০% মহিলা তথ্য সংগ্রহকারী নিয়োগ করা হবে।
- ৫) লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতে ও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ৬) কোন প্রার্থী সরকারি/বেসরকারি/প্রকল্পে কর্মরত আছে বলে প্রমানিত হলে আবেদনপত্র বাতিল হবে।
- ৭) ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- ৮) সকল পদের আবেদন ফরম আবদ্ধ খামের উপর ডান পার্শ্ব পদের নাম উল্লেখপূর্বক আগামী ১৯/০১/২০২০ খি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
- ০৯) আবেদনপত্রের সাথে সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সনদ, নাগরিক সনদ, এনআইডি/জন্ম নিবন্ধনের ফটোকপি এবং ০১ কপি পার্সপোর্ট সাইজের ছবি ও ০২ কপি স্ট্যাম্প সাইজের ছবি সংযুক্ত করতে হবে।
- ১০) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রয়োজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ১১) শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা পরবর্তীতে উপজেলা পরিসংখ্যান কার্যালয় এর নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- ১২) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- ১৩) মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।
- ১৪) আবেদনকারীকে উপজেলার যে কোনো গ্রামে কাজ করার মনমানসিকতা থাকতে হবে।
- ১৫) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



দীপায়ন দাস শুব  
উপজেলা নির্বাহী অফিসার  
কচুয়া, চাঁদপুর  
ও সভাপতি

প্রয়োজনে যোগাযোগ :

০১৭১৭-২১৩৪৩৬, ০১৬৭২-৮৩৬২৭১, ০১৫৫০-০৪১৫৮৫

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর  
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি  
কচুয়া, চাঁদপুর।